



সমঝোতা চূড়ান্ত হলে পারমাণবিক আলোচনায় যাবে ইরান-যুক্তরাষ্ট্র



ছবি: সংগৃহীত

সমঝোতা স্মারক চূড়ান্ত হলে ইরান ও যুক্তরাষ্ট্র পারমাণবিক ইস্যু নিয়ে বিস্তারিত আলোচনায় যাবে বলে জানিয়েছে তেহরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই জানান, সম্ভাব্য শান্তি চুক্তির কাঠামোর ভেতরে প্রাথমিক সমঝোতা শেষ হলে পরবর্তী ধাপে মূল আলোচনা শুরু হবে। বিষয়টি সোমবার (২৫ মে) আলজাজিরার এক প্রতিবেদনে উঠে আসে।

বাঘেই বলেন, খসড়া সমঝোতার বেশ কিছু বিষয়ে দুই পক্ষ প্রাথমিকভাবে একমত হয়েছে। তবে এখনই কোনো চূড়ান্ত চুক্তি সই হওয়ার পরিস্থিতি তৈরি হয়নি।

তিনি আরও জানান, সমঝোতা স্মারক সম্পন্ন হলে পরবর্তী ৬০ দিনের মধ্যে পারমাণবিক কর্মসূচিসহ সংবেদনশীল ইস্যুগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে। একই সঙ্গে অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ও আলোচনায় আসবে।

চলমান আলোচনার প্রেক্ষাপটে মধ্যস্থতার বিষয়েও কথা বলেন তিনি। বাঘেই জানান, বর্তমানে পাকিস্তানের মাধ্যমে মধ্যস্থতা চললেও ইরানি কর্মকর্তাদের পাকিস্তান সফর বা পাকিস্তানি প্রতিনিধিদের তেহরানে আসার বিষয়ে কোনো আনুষ্ঠানিক কর্মসূচি নেই।

আলোচনার পাশাপাশি আঞ্চলিক পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন তিনি। তার দাবি, ইসরায়েল এই প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার চেষ্টা করতে পারে এবং আলোচনাকে ব্যর্থ করার জন্য বিভিন্ন পদক্ষেপ নিতে পারে।

বাঘেই অভিযোগ করে বলেন, কিছু শক্তি মধ্যপ্রাচ্যে সংঘাত ও উত্তেজনা বজায় রাখতে আগ্রহী, এবং তারা আন্তর্জাতিক প্রচারণার মাধ্যমে যুক্তরাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে প্রভাবিত করার চেষ্টা করছে।